

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক- এর কার্যালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়  
বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭  
[www.cca.gov.bd](http://www.cca.gov.bd)

স্মারক নং- ৫৬.০৩.০০০০.০০৩.১৮.০১০.১১-১১৭৭

তারিখ: ০৯/১২/২০১৩ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (CCA)-এর কার্যালয়ের Public Key Infrastructure (PKI) এ ইতোমধ্যে Object Identifier (OID ) অন্তর্ভুক্ত করা হয়েছে। এই কার্যালয় থেকে লাইসেন্সপ্রাপ্ত ০৩ (তিন) টি Certifying Authority (CA) প্রতিষ্ঠান- data edge limited, Dohatec New Media ও Mango Teleservices Ltd কে OID বরাদ্দ করা হয়েছে। CCA কার্যালয়ের জন্য গৃহীত OID হলো ২.১৬.৫০.১। এছাড়া তিনটি CA প্রতিষ্ঠানের অনুকূলে বরাদ্দকৃত OID হলো যথাক্রমে ২.১৬.৫০.১.৬, ২.১৬.৫০.১.৭ ও ২.১৬.৫০.১.৮।


Root CA এবং CA প্রতিষ্ঠানসমূহে নতুন করে OID বরাদ্দ নেওয়ার কারণে Root CA তে নতুন করে Root Key Generation করা হয়েছে এবং বর্ণিত ০৩ (তিন) টি CA প্রতিষ্ঠানেও নতুন করে Key Generation করতে হয়েছে।

এমতাবস্থায় সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইতোমধ্যে সকল CA প্রতিষ্ঠানকে তাঁদের পূর্বকার সার্টিফিকেটের মাধ্যমে গ্রাহক পর্যায়ে ডিজিটাল সার্টিফিকেট ইস্যু বন্ধের নির্দেশনা প্রদান করা হয়েছে। সকল CA প্রতিষ্ঠানকে তাঁদের অনুকূলে নতুন সার্টিফিকেট ইস্যু করা হয়েছে (যা [www.cca.gov.bd](http://www.cca.gov.bd) পোর্টাল থেকে ডাউনলোড করা যাবে)।

গ্রাহকদের অবগতি ও সুবিধার্থে নিম্নে Root CA এবং CA প্রতিষ্ঠানসমূহের বৈধ সার্টিফিকেটের common name প্রদান করা হলো।

ক্রমিক নং	Name of the Organization	Common Name
০১.	Office of the CCA	Root CA Bangladesh 2013
০২.	data edge limited	dataedge CA 2013
০৩.	Dohatec New Media	Dohatec CA 2013
০৪	Mango Teleservices Ltd	Mango CA 2013

এ বিষয়ে যে কোন তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগের অনুরোধ করা হলো

  
(জি. ফারুকদ্দিন আহমেদ চৌধুরী)  
নিয়ন্ত্রক (যুগ্ম সচিব)  
ফোন: ৮১৪৪০৪২

ই-মেইল: [controller@cca.gov.bd](mailto:controller@cca.gov.bd)